

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারী ৯, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পর্যায় উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পর্যায় উন্নয়ন ও সমবায় বিভাগ

প্রশাসন শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ পৌষ ১৪১১/০৮ জানুয়ারী ২০০৫

এস, আর, ও নং ০৭-আইন/২০০৫।—সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, বহুমুখী কুন্দ্র কুটির শিল্প সমবায় সমিতি লিঃ নামীয় সমবায় সমিতিকে উক্ত আইনের ধারা ১৮ এর উপ-ধারা (৫), (৬) ও (৭) এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তসমূহ

- (ক) জেলা সমবায় অফিসার, জেলা সমবায় কার্যালয়, ঢাকা, এর বিগত ২৬ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ৩৫০৫ নং আদেশ মূলে গঠিত বহুমুখী কুন্দ্র কুটির শিল্প সমবায় সমিতি লিঃ অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি উহার মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ হইতে আরও ১(এক) বৎসর (৩৬৫) দিন দায়িত্ব পালন করিবে; এবং
- (খ) উক্ত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি দফা (ক) তে উল্লিখিত সময়সীমার মধ্যে বহুমুখী কুন্দ্র কুটির শিল্প সমবায় সমিতি লিঃ-এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করিবে এবং নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করিবে।
- ২। এই প্রজ্ঞাপন ২৫ ডিসেম্বর, ২০০৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খোরশোদ আলম
উপ-সচিব (প্রশাসন)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৫১)

মূল্য : টাকা ১০০